অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ মডস জোন-৯

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৪.২৬.০৫১.২২

বিষয়: **Installation and repair-maintenance of different dia sluice valve at DMA-905 DMA-906 under MODS Zone-9, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ: ১.০

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৯ এর ডি.এম.এ.-৯০৫ ও ৯০৬ এর আওতাধীন উত্তরা সেক্টর-১, সেক্টর-৩, সেক্টর-৫, আহলিয়া ও পাকুরিয়া এলাকায় স্থাপিত বিভিন্ন ব্যাসের স্লইচ ভাল্ব রয়েছে। উক্ত এলাকাটি উঁচু নিচু হওয়ায় এবং সংকটকালীন সময়ে বিভিন্ন ব্যাসের স্লইচ ভাল্ব অপারেট করে বিভিন্ন এলাকায় পানি সরবরাহ করা হয়। এছাড়া স্লইচ ভাল্বগুলি নির্দিস্ট সময়ের বিপরীতে অপারেট করে ব্যবহারের উপযোগী রাখতে হয়। স্লইচ ভাল্ব গুলি অপারেট করার ফলে, বিভিন্ন স্লইচ ভাল্বের গেট পড়া, স্প্যান্ডেল পিনিয়াম ক্ষয় হওয়া, রাবার গ্যাসকেড নস্ট হওয়া, নাট-ভোল্ট, গাইড নাট, বডি ইত্যাদি ক্ষয় প্রাপ্ত হয়ে পরিচালনার অনুপযোগী হয়ে পড়ে। ফলে এলাকায় পানি সরবরাহ ব্যাহত হয়। একবার স্লইচ ভাল্বের গেট পড়ে গেলে তা মেরামত করা অনেক সময় সাপেক্ষ। তাছাড়া বডি ক্ষয় হলে স্লইচ ভাল্ব নেটওয়ার্ক হতে খুলে নিয়ে লেদে কাজ করাতে হয় যা অনেক জটিল সময় সাপেক্ষ ও ব্যয়বহুল। এলাকায় পানি সরবরাহে তারতম্য হলে পূর্বের স্বাভাবিক অবস্থায় যেতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয় তাই ক্ষতিগ্রস্থ স্লইচ ভাল্ব সমূহ রুটিন মাফিক পরীক্ষা নিরিক্ষা করে প্রয়োজনীয় মেরামত ও রক্ষনাবেক্ষণের মাধ্যমে সচল রাখা প্রয়োজন। এছাড়া উত্তরা সেক্টরগুলিতে রাস্তার উন্নয়ন মূলক কাজ করার দরুন স্লইচ ভাল্ব ক্ষতিগ্রস্থ হয় যা তৎক্ষনাত মেরামত করে পরিচালনার উপযোগী করতে হয়। উল্লেখিত কাজগুলি জরুরী ভিত্তিতে করার লক্ষ্যে ঢাকা ওয়াসা-২০১১, পিডব্লিউডি-২০২২ এর রেইট সিডিউল ও পূর্বানুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মোট টাকারপরিমান দাড়িয়েছে ৳-২,৯৯,৫১৯.৪৭৮/- (দুই লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত উনিশ দশমিক চার সাত আট) টাকা মাত্র (প্রাক্কলন,)। কাজটি অনুমোদিত হলেএর ব্যয়ভার অত্র জোনের ২০২২-২৩ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার Water Line Maintenance” খাতের ক্রমিক নং F2 (24) হতে নির্বাহ করা হবে (এপিপি,)।

সংযুক্তি	
১	এপিপি
২	ক্যালকুলেশন সীট
৩	প্রাক্কলন

অনুচ্ছেদ: ১.১

এমতাবস্থায়, Installation and repair-maintenance of different dia sluice valve at DMA-905 DMA-906 under MODS Zone-9, Dhaka WASA কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত ৳-২,৯৯,৫১৯.৪৭৮/- (দুই লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত উনিশ দশমিক চার সাত আট) টাকার প্রাক্কলনটি **e-GP LTM** পদ্ধতিতে সম্পাদান করার অনুমোদন দেয়া যেতে পারে, যার আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৫-০৮-২০২২ ১১:১:২৩ মোঃ নাজমুল হুসাইন উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৯	২৫-০৮-২০২২ ১৩:৪৬:৩০ মোঃ দেলোয়ার হোসেন সহকারী প্রকৌশলী মডস জোন-৯	২৫-০৮-২০২২ ১৪:২২:৩৮ মোঃ মোজাহিদুর রহমান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৯	~~২৫-০৮-২০২২ ১৪:৪১:০৩~~ ~~মোঃ মিজানুর রহমান~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~মডস সার্কেল-২~~

অনুচ্ছেদ: ১.২

অনুমোদিত

২৫-০৮-২০২২ ১৪:৪১:০৩ মোঃ মিজানুর রহমান	২৫-০৮-২০২২ ১৫:০:৩৪ মোঃ মোজাহিদুর রহমান	২৫-০৮-২০২২ ১৫:০:৩৪ মোঃ নাজমুল হুসাইন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-২

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৯

উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৯